

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ২৩/২০১৫

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

তারিখঃ ২৩/০৪/২০১৫খ্রিঃ

১০ বৈশাখ, ১৪২২ বাংলা।

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এর পরিচালক (নিরাপত্তা) এর দপ্তর স্মারক নং-পরিনিদি/সা/বিবিধ/৭/১/৫২৩, তারিখ ১৯/০৪/২০১৫ সকল সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হইল।

স্বাক্ষরিত/-

মোহাম্মদ মুছা

সচিব

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

পরিচালক (নিরাপত্তা) এর দপ্তর

নং-পরিনিদি/সা/বিবিধ/৭/১/৫২৩,

তারিখ ১৯/০৪/২০১৫

বরাবরে,

সভাপতি ও সাধারণ সম্পাদক

চট্টগ্রাম কাস্টমস্ সি এন্ড এফ এজেন্টস্ এসোসিয়েশন

আখাবাদ, চট্টগ্রাম।

বিষয়ঃ- কাস্টমস কর্তৃক এপ্রাইজ পরবর্তী কন্টেইনারসমূহে সাধারণমানের তালার পরিবর্তে বুলেট সীল প্রচলন প্রসংগে।

সূত্রঃ

ক। অত্র দপ্তরের পত্র নং-পরিনিদি/সা/বিবিধ/৭/১/৪৩৬ তারিখ ৩১/০৩/২০১৫

১। উপর্যুক্ত বিষয়ে আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সূত্র পত্র 'ক' এর মাধ্যমে গত ০২/০৪/২০১৫ তারিখ টার্মিনাল ম্যানেজার/চবক, বন্দর বিষয়ক সম্পাদক, সি এন্ড এফ এজেন্টস্ এসোসিয়েশন ও এডিশনাল কমিশনার, জেটি কাস্টমস্ এর প্রতিনিধির উপস্থিতিতে নিম্নস্বাক্ষরকারীর দপ্তর কক্ষে নিরাপত্তা ও অপারেশনাল কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষে এক মত-বিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় বন্দর সংরক্ষিত এলাকায় রক্ষিত কন্টেইনারসমূহে কাস্টমস কর্তৃক এপ্রাইজ পরবর্তী সি এন্ড এফ এজেন্টস্ এর প্রতিনিধির মাধ্যমে সিল-গালা করে বন্ধ করার ক্ষেত্রে সাধারণ মানের তালার ব্যবহারের বিষয়ে আলোচনা হয়। এতে মত পোষণ করা হয় যে, কাস্টমস কর্তৃক এপ্রাইজ পরবর্তী কন্টেইনারসমূহ দীর্ঘসময় ধরে বন্দরে অবস্থান করায় ব্যবহৃত সাধারণমানের তালার ধীরে ধীরে রোদ বৃষ্টির কারণে ক্ষয়প্রাপ্ত হয়ে কন্টেইনারের নিরাপত্তা ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা থাকে এবং মাঝে মাঝে নিরাপত্তা বিভাগ ও সি এন্ড এফ এবং পরিবহন বিভাগের মধ্যে ভুল বুঝাবুঝির সৃষ্টি হয়। তাছাড়া কন্টেইনারের ভিতরে ভারী যন্ত্রপাতি/মালামাল সংরক্ষণকালে কন্টেইনার এক স্থান হতে অন্যস্থানে স্থানান্তরের সময় নিম্নমানের তালার ভেঙ্গে যায়। ফলে স্বাভাবিক নিরাপত্তায় বিঘ্ন সৃষ্টি হচ্ছে উল্লেখ করতঃ উপস্থিত সকলে সম্মতি প্রদান করেন যে, সাধারণমানের সীল-তালার পরিবর্তে আগামীতে মানসম্মত বুলেট সীল প্রচলন করাই যথাযথ হবে এবং বুলেট সীল পরবর্তী সীল নম্বরটি সংশ্লিষ্ট এলাকার এএসআই এর কাছে রক্ষিত রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে। উক্ত ব্যবস্থা আগামী ০১ মে, ২০১৫ তারিখ হতে কার্যকর করা হবে বিধায় এ ব্যাপারে আপনাদের পক্ষ হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো। এছাড়া পরিবহন বিভাগ বিভিন্ন ইয়ার্ডে ডেলিভারী, এপ্রাইজ এবং অকশান কন্টেইনারের জন্য আলাদা আলাদা স্টুট নির্ধারণ করবেন।

২। চট্টগ্রাম বন্দর ব্যবহারকারী হিসাবে সংশ্লিষ্ট সকলের অধিকতর নিরাপত্তার স্বার্থে এই পত্র জারী করা হলো। এ ব্যাপারে সকলের সহযোগিতা কাম্য।

৩। বিষয়টি জরুরী।

স্বাক্ষরিত/-

পচিলক নিরাপত্তা

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

পৃষ্ঠা নং- ২৩